সিরাজগঞ্জে বাসের ধাক্কায় সাংবাদিক দম্পতি নিহত

সিরাজগঞ্জের রায়গঞ্জে বাসের ধাক্কায় সাংবাদিক দম্পতি নিহত হয়েছেন। রোববার সকালে সিরাজগঞ্জের রায়গঞ্জ উপজেলার ঢাকা-বগুড়া মহাসড়কের গদাইপুর জোড়ব্রিজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতেরা হলেন-বগুড়া থেকে প্রকাশিত ‘দৈনিক সাতমাথা’ পত্রিকার সাবেক রায়গঞ্জ প্রতিনিধি রফিকুল ইসলাম জিন্নাহ ও তার স্ত্রী মোরশেদা খাতুন। রফিকুল লক্ষীখোলা গ্রামের বাসিন্দা।

রায়গঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) পঞ্চনন্দ সরকার জানান, সকালে রায়গঞ্জ উপজেলার লক্ষীখোলা বাড়ি থেকে সাংবাদিক দম্পত্তি ব্যাটারিচালিত ভ্যানযোগে গাদাইপুর যাচ্ছিলেন। ঢাকা থেকে নওগাঁগামী স্কাইলাইন নামের একটি যাত্রীবাহী বাস সিরাজগঞ্জ শহর হয়ে রায়গঞ্জের ভেতর দিয়ে যাচ্ছিল। আঞ্চলিক সড়ক দিয়ে মাহাসড়কে উঠার পথে বাসটি গাদাইপুরে ভ্যানসহ তাদের চাপা দেয়। এতে ঘটনাস্থলেই রফিকুলের স্ত্রী মোরশেদা নিহত হন।

খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে রফিকুলকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠান। পরে গুরুতর অবস্থায় বগুড়া শজিমেক হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসারত অবস্থায় সেখানে তার মৃত্যু হয়। পুলিশ ঘাতক বাসটি জব্দ ও তার চালককে আটক করেছে।।

এদিকে অভিযোগ পাওয়া গেছে, বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড়ে গত ক’দিন থেকে যানজটের কারণে সেতুর পশ্চিমে মুলিবাড়ি, নলকা ও নলকা দিয়ে ঢাকা ও উত্তরের বাসগুলো সিরাজগঞ্জ জেলা শহরের ভেতর দিয়ে রায়গঞ্জ ও কাজিপুর উপজেলার মধ্যদিয়ে বগুড়া-নগরবাড়ি মহাসড়কে উঠছে।

জেলার আঞ্চলিক সড়কগুলো ভারী ও দূরপাল্লার যানবাহনের চলাচলে উপযোগী নয়। অবৈধ হলেও গায়ের জোরে জেলার আঞ্চলিক সড়কে দিয়ে গত ক’দিন থেকে চলছে এসব দূরপাল্লার ভারী যানবাহন।